

খেলা

ভৌগোলিক দূরত্ব হার মানে আবেগের কাছে



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: সংগৃহীত

আর্জেন্টিনা ফুটবল দলের প্রতি বাংলাদেশের মানুষের ভালোবাসা দুই দেশের মানুষের আবেগের এক অনন্য বন্ধনের উদাহরণ হয়ে উঠেছে। থাইল্যান্ডে ভ্রমণে থাকা দুই আর্জেন্টাইন নাগরিক শুধু বাংলাদেশের ফুটবল উন্মাদনা কাছ থেকে দেখতেই ঢাকা সফরের সিদ্ধান্ত নিয়েছেন।

ব্যাংককে বাংলাদেশ দূতাবাসের কাউন্সিলর সোনিয়া মুন্নি নিজের ভেরিফায়েড ফেসবুক পোস্টে এ অভিজ্ঞতার কথা তুলে ধরেছেন।

তিনি জানান, ফার্নান্দা ও জনাথান নামে দুই আর্জেন্টাইন নাগরিক বাংলাদেশের ভিসা নিতে ব্যাংককে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে আসেন। প্রায় এক মাস ধরে তারা থাইল্যান্ডে ভ্রমণ করছিলেন। আর্জেন্টিনা সেমিফাইনালে জয়ের পর তারা সিদ্ধান্ত নেন, ফাইনাল ম্যাচ বাংলাদেশের মানুষের সঙ্গে বসেই উপভোগ করবেন।

সোনিয়া মুন্নি জানান, ওই দুই পর্যটক তখন থাইল্যান্ডের চিয়াং মাই শহরে ছিলেন। সেখান থেকে তারা ব্যাংককে এসে বাংলাদেশে প্রবেশের ভিসা সংগ্রহ করেন।

তিনি আরও লেখেন, ভিসা নেওয়ার সময় তারা মোবাইলে বাংলাদেশের ফুটবল উন্মাদনার একটি ভিডিও দেখিয়ে জানতে চান, সেটি কোথায় ধারণ করা হয়েছে। পরে তিনি জানান, ভিডিওটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের রাজু ভাস্কর্য এলাকার।

দূতাবাসের কাউন্সিলর বলেন, অফিস শেষে বাসায় ফিরে তিনি দেখেন, ফার্নান্দো নিজের ইনস্টাগ্রাম স্টোরিতে তাদের সঙ্গে তোলা একটি ছবি শেয়ার করেছেন। সেখানে স্প্যানিশ ভাষায় লেখা ছিল, []Cuando lo más Argentino que tenés cerca es Bangladesh![] অর্থাৎ, []যখন আর্জেন্টিনার সবচেয়ে কাছের অনুভূতি হয়ে ওঠে বাংলাদেশ।[]

সোনিয়া মুন্নির ভাষ্য, বিশ্বকাপের মতো বড় এক উপলক্ষে নিজের দেশ থেকে হাজার মাইল দূরে থেকেও বাংলাদেশের মানুষের ভালোবাসা ও উচ্ছ্বাস দেখে দুই আর্জেন্টাইনের কাছে বাংলাদেশ যেন আর্জেন্টিনারই আরেকটি অংশ হয়ে উঠেছিল।

পোস্টের শেষাংশে তিনি লেখেন, []আর্টস, স্পোর্টস, কালচার কিভাবে ডিপ্লোম্যাসিতে ভূমিকা রাখে সেটা নয়, বরং আমি মুগ্ধ হয়ে ভাবছি[]আবেগ কিভাবে ভৌগোলিক ভূখণ্ডের দুই প্রান্তে থাকা দুটি জাতিকে এক করে দেয়।[]

তিনি আরও উল্লেখ করেন, বাঙালি ও লাতিন জনগোষ্ঠীর আবেগপ্রবণতার মধ্যে অনেক মিল রয়েছে। আর সে কারণেই খেলাধুলার মতো একটি বিষয়ও দুই দেশের মানুষের মধ্যে অসাধারণ আত্মিক সংযোগ তৈরি করতে পারে।

এ বিভাগের আরও খবর



সুলতানপুরে মাদকবিরোধী ফুটবল টুর্নামেন্টের মেগা ফাইনালে যৌথ চ্যাম্পিয়ন দুই দল ব্রাহ্মণবাড়িয়ার সুলতানপুরে ইকরামুল হক (কবেল) চেয়ারম্যান প্রয়াস, মাদক আসক্তদের চিকিৎসা ও পূর্ববাসন কেন্দ্রের সার্বিক আয়োজন ও তত্ত্বাবধানে অ...



শ্রীলঙ্কার কাছে হেরে ব্রোঞ্জও খোয়াল বাংলাদেশ
স্বপ্ন ছিল সোনার হাসি হাসার। এশিয়ান গেমসে খেলতে যাওয়ার আগে এমন স্বপ্নের কথাই জানিয়েছিলেন অধিনায়ক লিটন দাস। তবে সেই স্বপ্ন তো পূরণ হয়ইনি, এমন...



এশিয়ান গেমসে আফগানিস্তানকে হারাচল নেপাল
এশিয়ান গেমসের পুরুষ ক্রিকেটে আফগানিস্তানকে ৫ উইকেটে হারিয়েছে নেপাল। অক্টোবর জাপানের নিশিনে অনুষ্ঠিত ম্যাচে ১০০ রানের লক্ষ্য তারা ছুঁয়ে ফ...



ব্যালন ডি'অর জয়ী ফুটবলারকে নির্বাচন করা হয় যেভাবে
চলতি বছরের ব্যালন ডি'অর কার হাতে উঠবে, তা নিয়ে ফুটবলবিশ্বে চলছে নানা আলোচনা। পুরস্কার ঘোষণার সময় যত ঘনিষ্ঠে আসছে, ততই সামনে আসছে একটি পুরোনো গ...